ও   দেখা দিয়ে যে চলে গেল   ও   চুপিচুপি কী বলে গেল ।
যেতে যেতে গো, কাননেতে গো   ও   কত যে ফুলে দ'লে গেল ॥
মনে মনে কী ভাবে কে জানে,   মেতে আছে ও যেন কী গানে,
নয়ন হানে আকাশ-পানে— চাঁদের হিয়া গ'লে গেল ॥
ও   পায়ে পায়ে যে বাজায়ে চলে   বীণার ধ্বনি তৃণের দলে ।
কে জানে কারে ভালো কি বাসে,   বুঝিতে নারি কাঁদে কি হাসে,
জানি নে ও কি ফিরিয়া আসে— জানি নে ও কি ছ'লে গেল ॥

---

Parjaay: Prem, Taal: Dosh Matra (5-5), Style: Baul
Visit www.geetabitan.com for notation and other detail